

পত্রিকার সহকারী
সিনিয়র
২২/১০/১৮

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা : কারিগরি-১
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০১৪.২০১৮-৮০৯

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপসচিব (কারিগরি-৩) জনাব মো: আব্দুর রহিম ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন-১) জনাব মো: সামসাদ খলিল কর্তৃক গত ১১.০৮.২০১৮ খ্রি. তারিখে গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট পরিদর্শনকালে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মহানন্দ মজুমদার এর বিরুদ্ধে ২০১৭-১৮ অর্থ বছরে ক্রয় খাতে আর্থিক অনিয়ম ও দুর্নীতি'র অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে ;

এবং যেহেতু, ২০১৭-১৮ অর্থ বছরে ক্রয় খাতে বরাদ্দকৃত ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা ব্যয় করা হয়েছে। পিপিআর-২০০৮ অনুযায়ী প্রতিবছর সর্বোচ্চ ১৫ লক্ষ টাকা কোটেশন প্রক্রিয়ায় ব্যয়ের বিধান রয়েছে। এক্ষেত্রে পিপিআর অনুসরণ করা হয়নি মর্মে অভিযোগ প্রমাণিত হয়েছে ;

এবং যেহেতু, ক্রয় পরিকল্পনায় ০৫টি ক্রয় কোটেশন প্রক্রিয়ায় মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মঞ্জুরি ছিল কিন্তু ০৫টির পরিবর্তে ৭টি ক্রয় কোটেশন প্রক্রিয়ায় সম্পন্ন করা হয়েছে, পিপিআর-২০০৮ অনুযায়ী প্রতিবছর সর্বোচ্চ ১০ লক্ষ টাকা সরাসরি প্রক্রিয়ায় ক্রয়ের পরিবর্তে ১৪০১৮২৪/- টাকা ব্যয় করা হয়েছে এবং ক্রয় পরিকল্পনায় ১টি ক্রয় ওটিএম এ সম্পন্ন করা হয়নি যা পিপিআর এর বিধি-বিধান লঙ্ঘিত হয়েছে মর্মে অভিযোগ প্রমাণিত হয়েছে ।

এবং যেহেতু, আপনি সরকারি দায়িত্বপালনে উদাসীনতা, প্রশাসনিক কাজে অদক্ষতা, আর্থিক অনিয়ম ও দুর্নীতি'র কার্যক্রমের মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে ভারমূর্তি ক্ষুণ্ণের নজির সৃষ্টি করেছেন ;

এবং যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ০৩ এর উপবিধি (ঘ) অনুযায়ী 'দুর্নীতি' এর পর্যায়ভুক্ত অভিযোগে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজুসহ এ পর্যায়ে জনস্বার্থে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও আবশ্যিক বলে প্রতীয়মান হয়েছে ;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ এর উপবিধি (১) অনুযায়ী আপনাকে সরকারি চাকুরী হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো এবং একইসাথে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২। সাময়িক বরখাস্তকালে (Suspension Period) বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধাদি প্রযোজ্য হবে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


স্বাক্ষরিত/-
(মোঃ আলমগীর)
সচিব

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০১৪.২০১৮-৮০৯

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, গোপালগঞ্জ।
- ৬। জনাব মহানন্দ মজুমদার, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, গোপালগঞ্জ।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ১১। অফিস কপি।


(সুখেশ চন্দ্র ঢালী)
উপসচিব (কারিগরি)
ফোনঃ ৯৫ ৮২ ০৫৫
sastec1@tmed.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭।


নং-৩৭.০৩.০০০০.০১০.০২৭.০৬২.১৮(নং-০৬২)-

৪৬৬(৬)

তারিখঃ ২১/১০/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- ১। উপসচিব, শাখা : কারিগরি-১, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অধ্যক্ষ, গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, গোপালগঞ্জ।
- ৪। জনাব মহানন্দ মজুমদার, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত), গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, গোপালগঞ্জ।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। সংশ্লিষ্ট নথি।


সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা